

তারিখ : ০৫.০৭.২০২৩খ্রি:

স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তির লক্ষ্যে আবেদন গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সদরপুর সরকারি কলেজ, সদরপুর, ফরিদপুর-এ স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য শিক্ষাবৃত্তি প্রদানের সিদ্ধান্ত নিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়। আগ্রহী শিক্ষার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে। নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণ ও প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ০৯.০৭.২০২৩ তারিখ রবিবার দুপুর ১.০০ টার মধ্যে কলেজের অফিস সহকারীর নিকট জমা দেওয়ার জন্য বলা হলো। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

বৃত্তির নিয়মাবলী:

- ১। ক্যাটাগরি-১: বিশেষ চাহিদা সম্পন্ন সকল শিক্ষার্থী শিক্ষাবৃত্তির জন্য মনোনীত হবে। কেউ বাদ যাবে না। (বিশেষ চাহিদা সম্পন্ন সংক্রান্ত প্রমাণক দাখিল করতে হবে)
- ২। ক্যাটাগরি-২: আর্থিকভাবে অসচ্ছল, অথচ মেধাবী প্রাপ্তিত/সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের মধ্য হতে শ্রেণি ভিত্তিক মাত্র ০৫ (পাঁচ) জনকে এ শিক্ষাবৃত্তির জন্য মনোনয়ন প্রদান করা হবে।
- ৩। শিক্ষাবৃত্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীকে কলেজে উপস্থিতির হার ৭৫% হতে হবে। (এ ক্ষেত্রে বিভাগীয় প্রধানের নিকট হতে স্বাক্ষর থাকতে হবে।)
- ৪। শিক্ষার্থীর পূর্ববর্তী সকল বর্ষের অর্জিত ফল কমপক্ষে ৩.০০ হওয়া আবশ্যিক। (ফলাফল এর প্রিন্ট কপি জমা দিতে হবে)
- ৫। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষাবৃত্তির জন্য ঘোষিত অন্যান্য নীতিমালা অনুসরণ করতে হবে।

ড. কাকলী মুখোপাধ্যায়
(প্রফেসর ড. কাকলী মুখোপাধ্যায়)
অধ্যক্ষ
সদরপুর সরকারি কলেজ
সদরপুর, ফরিদপুর